



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd


স্মারক নং পি/সি/১৫/৪০৬২(৪)

তারিখ: ২৮/১২/১৫

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (স্পেশাল অরিজিনাল জুরিজডিকশন) সুয়েমোটো রুল নং-২৫/২০১৪, সঙ্গে রীট পিটিশন নং-৩৭৭৯/১৫, তারিখ- ৩০/১১/২০১৫ এর আদেশ “ অনতিবিলম্বে সকল শিক্ষা প্রতিষ্ঠানে যাহারা বাড়তি ফি আদায় করছে তাদের বিরুদ্ধে ইতোপূর্বে জারীকৃত আদেশ যে, যেই সকল স্কুল কমিটি অতিরিক্ত ফি আদায় করছে সেই সকল শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি অকার্যকর বলে ঘোষিত হইবে এবং যেই সকল শিক্ষার্থীর নিকট হতে এইভাবে বাড়তি ফি আদায় করেছে তাহারা তাহাদের শিক্ষা বোর্ডের নিকট লিখিতভাবে ইহা গোচরীভূত করিবেন। প্রতিপক্ষ নং ২-১১ বোর্ডকে এতৎসংক্রান্তে অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হইল এবং যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান অত্র আদেশ অমান্য করে তাহা অত্র আদালতের গোচরীভূত করার জন্য নির্দেশ দেওয়া হইল।” এ মোতাবেক ২০১৬ সালে অনুষ্ঠিতব্য এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর বেশি ফি কোন অজুহাতেই আদায় করা যাবেনা।

এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে সতর্ক করা যাচ্ছে, ফরম পূরণ বাবদ অতিরিক্ত অর্থ আদায় করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা নেয়া হবে। উল্লেখ্য ইতোপূর্বে ঢাকা বোর্ডের ওয়েব সাইটে ২৭/১০/২০১৫ তারিখে হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক এ সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে।



প্রফেসর মোঃ আবু বক্কর হিদ্দিক

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও
উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান।